দৈনিক

# ইনকিলাব

তারিখ ··· 22 JAN 2010 ···
পৃষ্ঠা ··· ১৫ ··· কলাম ··· ৮ ···

## প্রস্তাবিত শিক্ষানীতিতে অন্য একটি ধর্মকে প্রাধান্য দেয়া হয়েছে

*—ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলন*

স্টাফ রিপোর্টার ঃ ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলন ঢাকা মহানগর দক্ষিণের উদ্যোগে গতকাল আয়োজিত দিনব্যাপী এক শিক্ষা কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে সংগঠনের কেন্দ্রীয় সভাপতি শেখ ফজলে বারী মাসউদ বলেন, সময়ের পরিবর্তনে জাতীয় শিক্ষানীতিতে পরিবর্তন, পরিমার্জন হবে-এটাই স্বাভাবিক কিন্তু এ পরিবর্তন, পরিমার্জন জাতীয় প্রত্যাশা অনুযায়ী না হলে তা প্রত্যাখ্যাত হতে বাধ্য। প্রস্তাবিত শিক্ষানীতিতে জাতীয় প্রত্যাশার বহিঃপ্রকাশতো ঘটেইনি বরং মিথ্যার আশ্রয় নেয়া হয়েছে নানাভাবে। ধর্মীয় দিক থেকে চির সত্য ইসলামকে খাটো করা হয়েছে খ্রিস্ট ধর্মের সামনে। প্রণীত শিক্ষানীতির ২৫নং পৃষ্ঠায় বলা হয়েছে, 'বর্তমান জগতের বাস্তব সমস্যা, অন্যায়, অত্যাচার ইত্যাদি বাইবেলের শিক্ষার আলোকে সমাধানের জন্য শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় শিক্ষা দেয়া হবে।' অপরদিকে ইসলাম শিক্ষার ক্ষেত্রে বলা হয়েছে, ইসলামের মর্মবাণী যেন ব্যক্তিগতভাবে উপলব্ধি করতে পারে কেবল সে শিক্ষা দেয়া হবে।' এর মাধ্যমে ইসলামকে সুকৌশলে ব্যক্তিগত পর্যায়ে গুটিকয়েক কাজের মধ্যে সীমাবদ্ধ করার নির্লজ্জ ষড়যন্ত্র করা হয়েছে। কেননা আজ এটা সর্বজনস্বীকৃত, পবিত্র কুরআনই একমাত্র অবিকৃত আসমানী গ্রন্থ। চলমান বিশ্বের সকল সমস্যার সমাধান কেবলমাত্র পবিত্র কুরআনেই বলে দেয়া আছে। অন্য কোন ধর্মীয় গ্রন্থে নয়। অথচ বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মুসলিম দেশের শিক্ষানীতিতে এ চিরসত্যটুকু গোপন করে নবপ্রজন্মকে ধর্মনিরপেক্ষতার নামে ধর্মহীন করার নীলনকশা আঁকা হয়েছে। তিনি বলেন, এহেন ন্যাক্কারজনক ষড়যন্ত্র এদেশে বাস্তবায়িত হতে দেয়া হবে না।